REG. NO. C. 853

### জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ হাতে ১॥০ টাকা। নগদ মূল্য ১০ দুই পয়সা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়। যে সংখ্যায় নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য /০ এক আনা।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার /১০ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার /০ এক আনা হিসাবে। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া জানিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদপত্রাদি নিম্নলিখিত ঠিকানায় পাঠাইতে হইবে শ্রীবিনয় কুমার পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

ছাদের জন্য

## লোহার কড়ি

বরগা, এঙ্গেল, করগেট, বল্টু ইত্যাদি
উচিত মূল্যে বিক্রয় করি।
সত্বর দরের জন্য
পত্র লিখুন।

নিরঞ্জন এণ্ড কোং
প্রোঃ শ্রীমহিমারঞ্জন চট্টোপাধ্যায়।
৬৭।৪ নং ষ্ট্রাণ্ড রোড, বড়বাজার,
কলিকাতা।

২২শ বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ৬ই ফাল্গুন বুধবার ১৩৪২ ইংরাজী 19th February 1936 | ৩৮শ সংখ্যা

এই জনগণ জাগরণকালে স্ত্রী-পুরুষের মহাবন্ধু

## হিলিংবাম




সেবনে মেহরোগ চির আরোগ্য ও
নবযৌবন পুনঃপ্রতিষ্ঠিত হইবে।
১ মাত্রায় পরিচয় পাইবেন, সপ্তাহে আরোগ্য হইবেন।

৪২ বৎসর ধরিয়া রোগী ও চিকিৎসক উভয় দলের নিত্য ব্যবহার্য্য। আই-এম-এস, এম-ডি-এফ-আর-সি-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, এল-আর-সি-এস প্রভৃতি উপাধিধারী ডাক্তারগণ কর্ত্তৃক অতি উচ্চ প্রশংসিত ও পৃষ্ঠপোষিত। প্রশংসাকারী দুই একজন ডাক্তারের নাম দেখুন:—

কর্ণেল কে, পি, গুপ্ত আই-এম-এস, এম-ডি, এফ-আর-সি, এস, ইত্যাদি ; লেঃ কর্ণেল এন, পি, সিংহ, আই-এম-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, সার্জ্জন মেজর বি, কে, বসু, আই-এম-এস, এম-ডি-সি-এম, কাপ্তেন এস, এন, চৌধুরী, আই-এম-এস, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, ডাঃ পুষং এম-ডি ইত্যাদি।

মূল্য বড় শিশি ৩৲, মাঝারি ২॥০, ছোট ১৫০ ডাক মাশুলাদি স্বতন্ত্র। বিশেষ বিবরণ সম্বলিত তালিকা পুস্তক লিখিলে বিনামূল্যে পাঠাই।

## স্যাঙ্গো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর এখন কর্ম্মযুগ আসিতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাঙ্গো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাঙ্গো সেবনে নিবারিত হয় ; দেহ সতেজ হয় ; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া, দাদ, অর্শ, কাউর, বাত আমবাত সর্দ্দি কাশি সমস্তই স্যাঙ্গো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকাল ব্যাপী ঋতু, ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাঙ্গো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতি শিশি ( ১৬ দিনের উপযোগী ) ২৲ ; ৩টী একত্রে ৫।০
ডাক মাশুলাদি স্বতন্ত্র।

আর, লগিন্ এণ্ড কোং
ম্যানুঃ—কেমিষ্টস্।
১৪৮ বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।
টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা



## বিজ্ঞাপন।

মুর্শিদাবাদ ডিষ্ট্রীক্ট বোর্ডের অধীন গুজারঘাট, ফলকর, জলকর, ঘাসকর ইত্যাদি ডিষ্ট্রীক্ট বোর্ডের চেয়ারম্যান বাহাদুর কর্ত্তৃক আগামী ১৩ই মার্চ্চ মোঃ ২৯শে ফাল্গুন শুক্রবার বেলা ২ ঘটিকার সময় ডিষ্ট্রীক্ট বোর্ড অপিসে নীলাম ডাকে বন্দোবস্ত হইবে। বিশেষ বিবরণ ডিষ্ট্রীক্ট বোর্ড অপিসে অনুসন্ধান করিলে জানিতে পারা যাইবে।

তারিখ<br>১৩ই ফেব্রুয়ারী<br>১৯৩৬

সুরেন্দ্রনারায়ণ সিংহ<br>চেয়ারম্যান মুর্শিদাবাদ<br>ডিষ্ট্রীক্ট বোর্ড।



সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ।

৬ই ফাল্গুন বুধবার সন ১৩৪২ সাল


## কান্দীতে বিধবা বিবাহ।

### গোঁড়ার দলের বিরোধিতা।

বীরভুম জেলার ইন্দাস গ্রামের স্বর্গীয় পাঁচকড়ি আচার্যের পুত্র শ্রীযুক্ত ভোলানাথ আচার্য্যের সহিত স্বর্গীয় হরিপদ ঘোষালের বিধবা কন্যা শ্রীমতী রাসেশ্বরী দেবীর বিবাহ গত ১১ই ফেব্রুয়ারী জেমোতে হইয়া গিয়াছে। কন্যাটির বয়স মাত্র ১৪ বৎসর ও তাহার বিধবা মাতার সহিত তিনি জেমোতে তাঁহার মাতুল শ্রীযুক্ত নৃসিংহ আচার্য্যের বাটিতে ছিলেন। রূপপুর ও জেমোর কয়েক-জন গোঁড়া ব্রাহ্মণ নানাপ্রকার বাধা দেওয়ায় দোহালিয়ার শ্রীযুক্ত বিধুভূষণ ভট্টাচার্য্য মহাশয় পুরোহিতের কার্য্য করেন। জেমো, কান্দীর বহু ভদ্রলোক, দোকানদার প্রভৃতি এই বিবাহে নানাপ্রকার সাহায্য করিয়াছেন। উচ্চশ্রেণীর হিন্দুদিগের মধ্যে বিধবা বিবাহ এই অঞ্চলে ইহাই প্রথম।

---

## মন্দির হইতে দেবমূর্ত্তি চুরি।

বেলডাঙ্গা থানার অন্তর্গত মানিক্যহার ঠাকুরবাড়ীর দেবমন্দির হইতে গত ২রা ফেব্রুয়ারী রাত্রে অষ্টধাতুর রাধারাণী মূর্ত্তি চুরি গিয়াছে। মূর্ত্তিটীর ওজন প্রায় দেড় মণ। প্রকাশ, দুর্ব্বৃত্তেরা প্রাচীরে মই লাগাইয়া বাড়ীতে প্রবেশ করে এবং মন্দিরের তালা ভাঙ্গিয়া মূর্ত্তিটী লইয়া যায়। এই উপলক্ষে দুইজন গ্রামবাসী ধরা পড়িয়াছে। মন্দিরের চারি মাইল দূরে একটী পুষ্করিণীর মধ্য হইতে মূর্ত্তিটী উদ্ধার করা হইয়াছে।

---

## যুবতীর শ্লীলতা হানির চেষ্টা।

### অন্যায়কারীর গ্রেপ্তারে জনতার বাধা দান।

প্রতি বৎসর দিনাজপুর—রাম-সাগরে (একটী বড় দীঘি) সরস্বতী পূজার সময় বহু লোকের সমাগম হয় ও একটি মেলা হয়। এ বৎসর এই মেলায় একটি মুসলমান যুবক এক রাজবংশীয় যুবতীর শ্লীলতাহানির চেষ্টা করে। পুলিশ এই কার্য্যে বাধা দিয়া যুবককে গ্রেপ্তার করার চেষ্টা করিলে প্রায় দুই তিন শত লোক পুলিশের কার্য্যে বাধা দেয়। এ পর্য্যন্ত দশজন মুসলমান গ্রেপ্তার হইয়াছে। প্রত্যেকে দুইশত টাকার জামিনে মুক্ত আছে। ভারপ্রাপ্ত সাব-ইন্সপেক্টার মৌলবী বেসারত আলি এই মোকর্দ্দমার তদন্ত করিতেছেন। মামলা এখনও তদন্তাধীনে আছে। প্রকাশ, বহু আসামী এখনও ফেরার আছে।

---

## রাজা অষ্টম এডওয়ার্ডের ঐশ্বর্য্য।

### তাঁহার পিতা ও পিতামহ অপেক্ষাও অধিক।

বর্ত্তমান সম্রাট অষ্টম এডওয়ার্ড তাঁহার স্বর্গীয় পিতা বা পিতামহ অপেক্ষাও ঐশ্বর্য্যশালী বলিয়া অনুমান করা হইতেছে।

তাঁহার সম্পত্তির আয় বাৎসরিক ১২ লক্ষ পাউণ্ড মুদ্রা। কিন্তু গত ১৭৬০ খ্রীষ্টাব্দ হইতে ঐ সকল সম্পত্তির বাৎসরিক একটা নির্দ্দিষ্ট আয় গ্রহণ করিয়া রাজা জাতির হস্তে সমর্পণ করিয়াছেন বলিয়া তিনি এক্ষণে উহার স্থলে মাত্র ৪ লক্ষ ৭০ হাজার পাউণ্ড মুদ্রা আয় পান।

কয়েক শতাব্দী পূর্ব্বে যে বন্দোবস্ত হইয়াছে, তদনুসারে ব্রিটেন একটা মোটা লাভ পায়। তবে ঐ সকল সম্পত্তি সম্রাটেরই সম্পত্তিরূপে পরিগণিত হয়।

এই আয়ের মোটা অংশ লণ্ডনের বহুমূল্য ভূমি রাজস্ব হইতে পাওয়া যায়। রাজা অষ্টম এডওয়ার্ড একজন ভূস্বামী। তাঁহার লণ্ডনস্থ ভূসম্পত্তি বাবদ বাৎসরিক আয় ৮ হাজার পাউণ্ড মুদ্রা।

তারপর ওয়েলসে তাঁহার খনিতে স্বত্ব আছে, স্কটল্যাণ্ডে মৎস্য ধরিবার স্বত্ব আছে। ম্যাস্ দ্বীপপুঞ্জের রাজস্ব আছে, এলথামে, হেনহণ্টে ও উইণ্ডসরে তাঁহার জমি আছে। ডানবনেও তাঁহার ব্যক্তিগত সম্পত্তি আছে এবং ৭০ হাজার একর কর্ষণোপযোগী জমি তাঁহার আছে। ইহা ব্যতীত আরও অনেক ব্যক্তিগত সম্পত্তির আয় তিনি ভোগ করেন। কর্ণওয়ালের ডাচী হইতেই তিনি বাৎসরিক ৬০ হাজার পাউণ্ড পান। ল্যাঙ্কাসায়ার ডাচী হইতেও বৎসরে তিনি ৫০ হাজার পর্য্যন্ত লাভ পান। রাজপ্রাসাদ ও পার্কের বাবদও তাঁহার মোটা আয় হয়।

সম্রাটের এই ৪ লক্ষ ৭০ হাজার পাউণ্ড মোট আয়ের মধ্যে ১ লক্ষ পাউণ্ড তাঁহার ব্যক্তিগত খরচার জন্য ব্যয়িত হয়। অবশিষ্ট রাজ-প্রাসাদের কর্ম্মচারী ও ভৃত্যগণের বেতন, পেন্সন ও রাজকীয় সাহায্য দানেই নিঃশেষিত হয়।

---

## মৌলবীর উপর আক্রমণ।

### পরীক্ষাগৃহ হইতে বহিস্কৃত ছাত্রের কাণ্ড।

করিমগঞ্জ নীলমণি হাইস্কুলের ৯ম মানের জনৈক ছাত্র বার্ষিক পরীক্ষায় প্রশ্নোত্তর লিখাকালীন কোনও বহি হইতে নকল করিতেছিল। উক্ত স্কুলের মৌলবী সাহেব গার্ড দেওয়ার সময় উহা দেখিতে পান এবং ছাত্রটিকে পরীক্ষা গৃহ হইতে বাহির করিয়া দেন। ছাত্রটী উহাতে রোষপরবশ হইয়া মৌলবী সাহেবকে পশ্চাৎদিক হইতে অতর্কিত আক্রমণ করিয়া কীল ঘুসি মারিতে থাকে। তৎক্ষণাৎ অপরাপর ছাত্র ও শিক্ষক আসিয়া তাহাকে ছাড়াইয়া দেন। হেড মাষ্টারের নিকট খবর পৌছিলে তিনি ছাত্রটীকে পুলিশের হাতে সমর্পণ করেন।

---

## স্বাস্থ্য বিভাগের প্রথম বাঙ্গালী ডিরেক্টার।

ভারতীয় মেডিক্যাল সার্ভিসের মেজর অনিলচন্দ্র চাটুজ্যে বাঙ্গলার স্বাস্থ্য বিভাগীয় ডিরেক্টর নিযুক্ত হইয়াছেন। বর্ত্তমান স্বাস্থ্য বিভাগীয় ডিরেক্টার ডাঃ আর, বি, খাম্বাটার কার্য্যকাল শেষ হওয়ার পর মেজর চাটুজ্যে কার্য্যভার গ্রহণ করিতেছেন। তাঁহার পূর্ব্বে আর কোন বাঙ্গালী এই পদে নিযুক্ত হন নাই।

---

## বগুড়ায় টমটম দুর্ঘটনা।

একটী গ্রামের সভায় যোগদানের পর বগুড়া ফিরিবার পথে সদর সার্কেল অফিসার মিঃ এ, কে, দের টমটম গাড়ী উল্টাইয়া যাওয়ার ফলে তাঁহার হাতের কব্জি ভাঙ্গিয়া গিয়াছে। গাড়ীখানা একটী পাকা পুল পার হইবার সময় হঠাৎ উল্টাইয়া গিয়া রাস্তার ধারে একটি নর্দ্দমায় পড়ে তাঁহার সঙ্গে মহকুমা হাকিম এবং কৃষি বিভাগের জেলা অফিসারও ছিলেন। তাঁহাদের সামান্য আঘাত লাগিয়াছে। ঘটনাস্থলেই তাঁহাদিগকে প্রাথমিক চিকিৎসা করা হয়। সার্কেল অফিসারের আঘাত গুরুতর হওয়ায় ঘটনার পরদিন তাঁহাকে কলিকাতা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসার জন্য পাঠান হইয়াছে।

---

## কলিকাতা বিশ্ববিদ্যালয়ে পঁয়ত্রিশ হাজার পরীক্ষার্থী।

—:০:—

### বর্ত্তমান বৎসরে ইণ্টার-মিডিয়েট ও প্রবেশিকা পরীক্ষা।

উচ্চশিক্ষা লাভের আকাঙ্ক্ষা বাঙ্গালীর মধ্যে ক্রমশঃই বৃদ্ধি পাইতেছে, প্রতি বৎসরের বিশ্ববিদ্যালয়ের পরীক্ষার্থীর সংখ্যা পর্য্যালোচনা করিলেই তাহা প্রতীয়মান হইবে। বর্ত্তমান মাসের শেষ ভাগে ও আগামী মাসের প্রথমে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের প্রবেশিকা ও ইণ্টারমিডিয়েট পরীক্ষা গৃহীত হইবে, তাহাতে প্রায় ৩৫ হাজার জন পরীক্ষার্থী।

গত বৎসর ইণ্টারমিডিয়েট (আই, এ ও আই, এস, সি) পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৯১০৫; কিন্তু এ বৎসর তাহা বৃদ্ধি পাইয়া ৯৪৪০ হইয়াছে। গত বৎসর ২৪,৮৬২ জন ছাত্রছাত্রী প্রবেশিকা পরীক্ষা দিয়াছিল, আর এ বৎসর তাহার সংখ্যা ২৫,৫৫০ জন। মোট পরীক্ষার্থীর সংখ্যা বৎসর বৎসর যেরূপ বৃদ্ধি পাইতেছে তাহাতে মনে হয় বিদ্যার্থীনীর সংখ্যাও তৎসঙ্গে বাড়িতেছে।

অন্ততঃ ষোল বৎসর বয়স না হইলে কোন ছাত্র বা ছাত্রী প্রবেশিকা পরীক্ষা দিতে পারিবেনা এইরূপ নিয়ম বিশ্ববিদ্যালয়ে বহু দিন ধরিয়া প্রচলিত ছিল। কয়েক বৎসর পূর্ব্বে ঐ নিয়মের সংশোধন হয় এবং ষোল বৎসরের স্থলে পনর বৎসর করা হয়। কিন্তু এই বৎসর বয়স সম্পর্কিত বিধি নিষেধ তুলিয়া দেওয়া হইয়াছে। পরীক্ষার্থী বা পরীক্ষার্থীনীর বয়স কত তাহা বিশ্ববিদ্যালয়কে জানাইতে হইবে বটে, কিন্তু বয়স যতই হউক না কেন তাহাতে পরীক্ষা দান নিষিদ্ধ হইবে না।

কলিকাতা বিশ্ববিদ্যালয় আর একটি নূতন ব্যবস্থার প্রবর্ত্তনের বিষয় বিবেচনা করিতেছেন। উহা প্রবর্ত্তিত হইলে পরীক্ষার্থীগণ 'ভাগে ভাগে' পরীক্ষা দিতে পারিবে। কোন বিষয় উত্তীর্ণ হইতে না পারিলে পরীক্ষার্থী পর বৎসর শুধু সেই বিষয়ে উত্তীর্ণ হইলেই চলিবে। এই নিয়ম ভারতের অন্যান্য বিশ্ববিদ্যালয়েও প্রযুক্ত হইয়া থাকে।

---

## নূতন উড়িষ্যা প্রদেশ।

আগামী ১লা এপ্রিল হইতে উড়িষ্যা বিহার হইতে পৃথক হইবে বলিয়া ঘোষণা করা হইয়াছে। উড়িষ্যার নূতন লাট সাহেবের অফিস ও অন্যান্য নূতন অফিসের জন্য কটকে বাড়ীর বন্দোবস্ত করা হইতেছে। ১লা এপ্রিল হইতে আঙ্গুলে আর কোন ডেপুটী কমিশনর থাকিবেন না; আঙ্গুল কটকের একটী মহকুমা হইয়া যাইবে ও সম্ভবতঃ সরকারের শিক্ষা বিভাগের বর্ত্তমান এসিষ্ট্যাণ্ট সেক্রেটারী শ্রীযুক্ত দুর্গাচরণ দাস মহাশয় মহকুমা হাকিম হইবেন। উড়িষ্যার রাজধানী কোথায় হইবে, তাহা এখন পর্য্যন্ত স্থির হয় নাই। তবে আপাততঃ নূতন আফিসগুলি কটকেই হইবে এবং লাট সাহেব পুরী লাট প্রাসাদে থাকিবেন বলিয়া শুনা যাইতেছে।

---

## দুর্দ্দশার তদন্ত।

বর্দ্ধমান ও প্রেসিডেন্সী বিভাগের এডিশনাল কমিশনার মিঃ এম মার্টিন গত ৪ঠা ফেব্রুয়ারি অপরাহ্নে চুচুড়ায়

আসিয়াছিলেন। অজন্মার ফলে লোকের যে দুর্দ্দশা উপস্থিত হইয়াছে, উহা লাঘব করিবার জন্য কিরূপ সাহায্যের ব্যবস্থা করা হইবে, তৎসম্পর্কে তিনি জেলা ম্যাজিষ্ট্রেট, জেলাবোর্ডের চেয়ারম্যান, মহকুমা ম্যাজিষ্ট্রেট এবং অপরাপর ব্যক্তিদের সহিত আলোচনা করেন। মিঃ মার্টিন জানাইয়াছেন যে, প্রয়োজন হইলে গবর্ণমেণ্ট আরও অর্থসাহায্য প্রদান করিবেন।

## মৌনী বাবার কীর্ত্তি।

### দীক্ষাদানকালে শিষ্যার শ্লীলতা হানির চেষ্টা।

বাঁকুড়া,—বিষ্ণুপুর মহকুমার তুরকী আশ্রমের সাধু নামে পরিচিত মৌনীবাবা হরিভজন স্বামী ভারতীয় দণ্ডবিধির ৩৫৪ ধারানুসারে অভিযুক্ত হইয়াছিল। বাঁকুড়ার স্পেশ্যাল ম্যাজিষ্ট্রেট শ্রীযুত মণীন্দ্রনাথ সেন এই মামলার রায় দিয়াছেন। তিনি মৌনী বাবাকে তিন মাস সশ্রম কারাদণ্ড, ২০০৲ শত টাকা অর্থদণ্ড অনাদায়ে আরও তিন মাস কারাদণ্ডে দণ্ডিত করিয়াছেন।

অভিযোগের বিবরণ এই ছিল যে, জনৈক হোমিওপ্যাথিক চিকিৎসকের শবাসনা দাসী নাম্নী ২৬ বৎসর বয়স্কা পত্নী মৌনী বাবার নিকট হইতে দীক্ষা গ্রহণকালে উক্ত মৌনী বাবা তাহার শ্লীলতা হানির চেষ্টা করিয়াছিল। শবাসনার স্বামী পূর্ব্বে তুরকীর একটি হোমিওপ্যাথিক চিকিৎসালয়ের ডাক্তার ছিল,—উক্ত ডিস্পেন্সারীটী আসামী কর্ত্তৃক পরিচালিত হইত।

সরকারী উকীল মিঃ কে, কে, বানার্জ্জি বাদী পক্ষে মামলা পরিচালনা করেন। কলিকাতার মাতৃসদন এই মামলা সম্পর্কে যথেষ্ট খাটিয়াছেন।

## নূতন সম্রাটের অভিষেক।

### ১৯৩৭ সালে ভারতাগমন।

বিলাতে যাঁহারা বাকিংহাম রাজপ্রাসাদের সংবাদ রাখেন, তাঁহাদের নিকট হইতে রয়টার জানিতে পারিয়াছেন যে, ইংরেজী ১৯৩৭ সালের মে মাসে সম্রাট অষ্টম এডওয়ার্ডের অভিষেক হইবার সম্ভাবনা। এতদুপলক্ষে বহু রাজনৈতিকের সমাবেশ হইবে, সুতরাং শীঘ্রই এ সম্বন্ধে একটা ঘোষণা হইবে বলিয়া অনুমান করা যায়। বিভিন্ন উপনিবেশের রাজনৈতিকদিগকে যাহাতে দুইবার যাতায়াত করিতে না হয়, তজ্জন্য সাম্রাজ্য সম্মিলন ১৯৩৭ সাল পর্য্যন্ত স্থগিত রাখা হইয়াছে। এই সম্মিলন অভিষেকের অব্যবহিত পূর্ব্বে বা পরে হইবে। সঠিক তারিখ বিভিন্ন উপনিবেশের সহিত পরামর্শান্তে স্থির হইবে। অভিষেকের পর সম্রাট এডিনবরা, বেলফাষ্ট এবং কার্ণারভান যাইবেন। তারপর ১৯৩৭ সালের অক্টোবর মাসে সম্ভবতঃ ভারতবর্ষে আসিবেন। দিল্লীতে সম্রাটরূপে তাঁহার অভিষেক হইবে। অন্যান্য উপনিবেশেও তাঁহার যাইবার কথা চলিতেছে, কিন্তু এখন পর্য্যন্ত কিছুই ঠিক হয় নাই। 'বঙ্গবাসী'

## নীলামের ইস্তাহার।

### চৌকি জঙ্গিপুর প্রথম মুন্সেফী আদালত।

### নীলামের দিন ৯ই মার্চ্চ ১৯৩৬।

১৪৬৮ থাং ডিঃ কালীচরণ সিংহ দেং আবদুল মণ্ডল দীং দাবি ৮৸৵৬ থানা সুতী মৌজে বহুতালী ৬৫ শতকের কাত ॥৹ আঃ ৫৲ খং ১২২

১৪৬৯ থাং ডিঃ ঐ দেং জিয়ারত সেখ দীং দাবি ১২৵৯ ঐ মৌজাদি মধ্যে ১-৭৪ শতকের কাত ৩৴৯ আঃ ৫৲ খং ১৭৪

১৫৪২ থাং ডিঃ ঐ দেং মুরারীধর দাস দাবি ৫০৸৴৩ থানা ঐ মৌজে খিদিরপুর ৫-৮২ শতকের কাত ১১।৶৮ আঃ ১৫৲ খং ৫৫

১৮৪৯ থাং ডিঃ ঐ দেং সুরেন্দ্রনারায়ণ সিংহ দাবি ৫৪৭৸৵৩ থানা ঐ মৌজে বহুতালী ৩-২৮ শতকের কাত ১২৶৯ আঃ ৩৫৲

১৮৫০ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৬২॥৵৬ মৌজাদি ঐ ৭-৪৭ শতকের কাত ১৫৶১০ আঃ ৪০৲

১৮৫১ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৫০॥৴৬ মৌজাদি ঐ ৪৮-৫০ শতকের কাত ৫৪৸৬ আঃ ১৫০৲

১৮৫২ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৫৪।৴০ থানা রঘুনাথগঞ্জ মৌজে সোনাটিকুরী ১১-৪৫ শতকের কাত ৪১৸৵২ আঃ ১৫৫৲

১৮৫৩ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২১৪৶৯ মৌজাদি ঐ ৪-০১ শতকের কাত ১০৸৴০ আঃ ৪৫৲

১৮৫৪ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৬৭।৶৩ মৌজাদি ঐ ২-৯৭ শতকের কাত ১২৸১১ পাই আঃ ৪৫৲

১৮৫৫ থাং ডিঃ ঐ দেং সুশীলাসুন্দরী দেবী দাবি ৩২৯।৵৬ থানা সুতী মৌজে আরাজি গোড়সা ২০-৫৭ শতকের কাত ৮৩।১০ আঃ ২৫০৲

১৬৩২ থাং ডিঃ হরিহর ঘোষাল দীং দেং নলিনাক্ষ রায় দীং দাবি ৬৩।৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে সেগুা, জামুয়ার ৭২ শতকের কাত ৪৲ আঃ ১০৲ খং ৭৪৮।৮ রায়ত স্থিতিবান

### নীলামের দিন ১১ই মার্চ্চ ১৯৩৬।

১৬৩৬ থাং ডিঃ ত্রিগুণতারিণী দেবী দেং জগবন্ধু মণ্ডল দাবি ৩৭৸৶০ থানা রঘুনাথগঞ্জ মৌজে সাহেবনগর ৩-৪৮ শতকের কাত ৫৸৴০ নিজাংশে ৩৲ আঃ ৫৲ খং ৭ রায়ত মোকররী

১৬৩৭ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১২২॥৫ ঐ মৌজাদি মধ্যে ১১-৩৪ শতকের কাত ৩৭॥৶৮ নিজাংশে ১৫।৴৯ আঃ ২০৲ খং ২১ রায়ত স্থিতিবান

১৬৬৪ থাং ডিঃ ঐ দেং পাঁচকড়ি দে দাবি ৮।৵০ ঐ মৌজাদি মধ্যে ১৮ শতকের কাত ॥৶০ নিজাংশে ।৯ আঃ ২৲ খং ২৯ ঐ স্বত্ব

১৫৮৯ থাং ডিঃ কালীচরণ সিংহ দেং গোপাল মাঝি দীং দাবি ২৫৸৶৯ থানা সুতী মৌজে বহুতালী ৬॥৩॥ বিঘার কাত ৩।৴৫ আঃ ৬৲ খং ৩৭০

### নীলামের দিন ১২ই মার্চ্চ ১৯৩৬।

১৪১৮ থাং ডিঃ কালীচরণ সিংহ দেং আলিমুদ্দিন সেখ দাবি ১২৵০ থানা সুতী মৌজে বহুতালী ৭৮ শতকের কাত ৩।৵১১ আঃ ৫৲

১৫৮৮ থাং ডিঃ কালীচরণ সিংহ দীং দেং নেহার বিবি দাবি ১৯৵০ ঐ মৌজাদি মধ্যে ৪৴১ বিঘার কাত ২৵১ আঃ ৫৲ খং ৩৬৬

১৬৮৯ থাং ডিঃ ঐ দেং থাকু মণ্ডল দীং দাবি ১০০৲ ঐ মৌজাদি মধ্যে ১৯।২ বিঘার কাত ৯৲ আঃ ১৫৲

১৬৩৪ থাং ডিঃ ত্রিগুণতারিণী দেবী দেং জঙ্গলনাথ ঘোষ দীং দাবি ৪৭৫।৶৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে সাহেবনগর ১০-৩৭ শতকের কাত ৪৫৸৴৫ পাই নিজাংশে ৩৮॥৶১৫॥ আঃ ১০০৲ খং ১২৭

১৬৩৫ থাং ডিঃ ত্রিগুণতারিণী দেবী দীং দেং মাখনচন্দ্র দাস দাবি ৩৩৸৴৬ ঐ মৌজাদি মধ্যে ৭৯ শতকের কাত ৩৵১১ আঃ ৩৲ খং ৪৬ রায়ত স্থিতিবান

১৬৪০ থাং ডিঃ ত্রিগুণতারিণী দেবী দেং কুলদা দাসী দাবি ১১৫॥৬ ঐ মৌজাদি মধ্যে ৫-৪৮ শতকের কাত ২০৸৴২ পাই আঃ ১৪৲ খং ৪২ ঐ স্বত্ব

১৬৫০ থাং ডিঃ ঐ দেং শ্যামাপদ মাল দাবি ১৬২৸৵৩ ঐ মৌজাদি মধ্যে ৩-৯৬ শতকের কাত ২২৸২ পাই আঃ ২০৲ খং ২৫ ঐ স্বত্ব

১৬৬৫ থাং ডিঃ ঐ দেং পাঁচকড়ি দে দাবি ৩০।৶৯ ঐ মৌজাদি মধ্যে ৯৭ শতকের কাত ৮।২ পাই আঃ ১০৲ খং ১১৫ ঐ স্বত্ব

### নীলামের দিন ১৩ই মার্চ্চ ১৯৩৬।

১৬৫৯ থাং ডিঃ ত্রিগুণতারিণী দেবী দেং যামিনীমোহন পাল দীং দাবি ১৯২॥৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে সাহেবনগর ৬-৫৩ শতকের কাত ৩০৸৶৬ আঃ ২৫৲ খং ১৪০ ঐ স্বত্ব


## রামকৃষ্ণ বুক বাইণ্ডিং হল।

কতিপয় মধ্যবিত্ত, শিক্ষিত, উৎসাহী হিন্দু যুবকদ্বারা এই ক্ষুদ্র প্রতিষ্ঠানটী প্রতিষ্ঠিত হইয়াছে। কলিকাতা হইতে আধুনিক শিক্ষায় শিক্ষিত হইয়া এই হিন্দু কারখানাটি অতি অল্প মূলধনে আরম্ভ করা হইয়াছে। বর্ত্তমান যুগে হিন্দুর জাতীয়তা রক্ষা করিতে হইলে এই ক্ষুদ্র বই বাঁধান কারখানাটীর কার্য্যের সুলভতা ও সৌন্দর্য্য পরীক্ষা একান্ত বাঞ্ছনীয়।

স্থান :— নীলরতন বড়াল উকীলের বাটীর সংলগ্ন।

স্বত্বাধিকারী— রমাকান্ত বড়াল। রঘুনাথগঞ্জ।

## ডিপসহির কালী

পণ্ডিত প্রেসে পাইবেন।

মূল্য প্রতি কৌটা পাঁচ পয়সা।

## শুভ সংবাদ।

হিন্দু মাত্রেরই শুভ বিবাহে বরকনের উপযুক্ত সজ্জার মধ্যে মির্জ্জাপুরের গরদের সাড়ী, ধুতি, চাদর, ব্লাউজ পিস্ ও সর্ব্বপ্রকার জামার কাপড়ই সমধিক প্রসিদ্ধ ও মূল্য সুলভ। যাহাতে জঙ্গিপুরে ঘরে বসিয়াই মির্জ্জাপুরের সকল প্রকার বস্ত্র পাইতে পারেন তজ্জন্য রঘুনাথগঞ্জে একটী এজেন্সী স্থাপিত হইয়াছে। অর্ডার দিলে অতি সত্বর পছন্দমত কাপড় সরবরাহ করিয়া থাকি। ঠকিবার কোন কারণ নাই। মির্জ্জাপুরের দরে ঘরে বসিয়াই পাইবেন। সকল প্রকার মটকার ধুতি, সাড়ী, চাদর ও থান পাওয়া যায়। পরীক্ষা প্রার্থনীয়।

এজেণ্ট—শ্রীঅবনীকুমার বন্দ্যোপাধ্যায়
পোঃ রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ
( শিবতলার সন্নিকট )

## সস্তায় সাইকেলের সরঞ্জাম।

টায়ার, টিউব ও অন্যান্য পার্টস বাজার অপেক্ষা সুলভে পাইবেন। পরীক্ষা করুন।

শ্রীবিশ্বেশ্বর চট্টোপাধ্যায়,
রঘুনাথগঞ্জ, চাউলপটী।

## দি ওয়ার্ম ইণ্ডিকা।

( আমেরিকায় পরীক্ষিত )

অদ্যাবধি বহু রোগী ইহাতে আশ্চর্য্যজনক ফল পাইয়াছেন। ব্যবস্থানুযায়ী মানুষ ও গরু, মহিষ, ছাগল প্রভৃতি জন্তুর কৃমি রোগ আরোগ্য হইবে। মূল্য প্রতি শিশি ৶১০ সাড়ে তিন আনা। পাইকারী দর স্বতন্ত্র।

প্রাপ্তিস্থান—ডাঃ দেবেন্দ্রচন্দ্র দাস
"অটলবিহারী শাখা ঔষধালয়"
পোঃ রঘুনাথগঞ্জ ( মুর্শিদাবাদ )

## সস্তায় রবার ষ্ট্যাম্প।

সকল প্রকার রবার ষ্ট্যাম্প এক সপ্তাহ মধ্যে সরবরাহ করা হয়। সমস্ত ষ্ট্যাম্পই কলিকাতায় প্রস্তুত এবং কলিকাতার অন্যান্য কারখানা অপেক্ষা জিনিষ ভাল অথচ দামে সস্তা। রবারের পকেট প্রেস, ডেটিং ষ্ট্যাম্প, সেল্ফ ইঙ্কিং প্যাড ও কালী সর্ব্বদা বিক্রয়ার্থ মজুত থাকে। পরীক্ষা প্রার্থনীয়।

প্রাপ্তিস্থান—"পণ্ডিত-প্রেস"
পোঃ রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

## বৈজ্ঞানিক রবার দ্রব্য।

রবার কুশন ( বেড-সোর বা শয্যাক্ষত নিবারক ) প্রত্যেকটী ৭৲

রবার গ্লোভস্ ( অপারেশনে সার্জ্জেনের ব্যবহার্য্য ) জোড়া ৩৲

ফিঙ্গার ষ্টল্ ( আঙ্গুলে পরিবার জন্য ) প্রত্যেকটী ।৴০

রবার ক্যাপ ( গর্ভরোধক ও সংক্রামক রোগ নিবারক ) ডজন ৩৲

রবার পেশারী ( স্ত্রী-ব্যবহার্য্য—বড়, মধ্যম, ছোট ) প্রত্যেকটী ২

বিস্তারিত মূল্য-তালিকার জন্য পত্র লিখুন।

পি, বি, সাপ্লাই এজেন্সী,
পোষ্ট বক্স নং ১১৪০৪ কলিকাতা



ত্বকের স্বাস্থ্য ও সৌন্দর্য্য সংরক্ষণের অভিনব প্রসাধন দ্রব্য

## রেডিয়ম স্নো

শিশুদিগের কোমল চর্ম্মে নিরাপদে ব্যবহার করা যায়।

ত্বকের উপর অদৃশ্যভাবে অতি সূক্ষ্মত আবরণরূপে লাগিয়া থাকে। গ্রীষ্ম-জনিত কষ্ট এবং চর্ম্মরোগ হইতে দেহকে রক্ষা করে।

স্বনামধন্যা শ্রীমতী সরলা দেবী বলেনঃ—রেডিয়ম স্নো দেখিতে সুন্দর, ঘ্রাণে সুগন্ধি ও স্পর্শে কোমল। ইহার আকার প্রকারের সৌষ্ঠব বিলাতীর সমতুল। দেশী কার-খানায় দেশী লোকের দ্বারা প্রস্তুত হইতেছে—না জানিলে ইহাকে একটী শ্রেষ্ঠ বিলাতী বস্তু বলিয়া ভ্রম হইতে পারে।

(স্বাঃ) শ্রীসরলা দেবী।

প্রস্তুতকারক—
**রেডিয়ম ল্যাবরেটরী**
কলিকাতা।
ফোন—৩০৬২ বি, বি।

সোল এজেন্টস্—
**বসাক ফ্যাক্টরী**
৩নং ব্রজদুলাল ষ্ট্রীট, কলিকাতা
ফোন—২১৮৩ বড়বাজার।

সব দোকানে পাওয়া যায়।

## বেঙ্গল হোমিও কেমিকেল ওয়ার্কস

পরীক্ষিত ঔষধাবলী
কন্টিক
বসন্তের প্রতিষেধক।
পেপ—অজীর্ণে ও অম্লে।
বিস—হিষ্টিরিয়ার ঔষধ।
লুং—হাঁপানীর উপকারী।
হর—চুলকানি ও চর্ম্মরোগে।
মূল্য প্রতি ড্রাম ।০ আনা।




## সার্জ্জারী জগতে যুগান্তর।

মহাত্মা আনন্দ ঋষির আবিষ্কৃত একমাত্র **অপেরীণ** ইহা ব্যবহারে লক্ষ লক্ষ রোগী বাগী, ফোড়া, কাকবিড়ালী, ঠুন্‌কা, মুখের ব্রণ, পৃষ্ঠ ব্রণ, উরুস্তম্ভ, শীতলী কর্ণমূল প্রভৃতি যন্ত্রণা-প্রদ ব্যয় বহুল রোগ হইতে বিনা অস্ত্রে ও বিনা জ্বালা যন্ত্রণায় মন্ত্রমুগ্ধের ন্যায় আরোগ্য হয়। মূল্য প্রতি শিশি ১৲, ডজন ১০৲ মাত্র।

## দামোদর সুধা

ইহা সেবনে ম্যালেরিয়া জ্বর, প্লীহা ও যকৃত সংযুক্ত জ্বর, নূতন পুরাতন জ্বর, পালা ও কম্প জ্বর, পিত্ত-শ্লেষ্মার জ্বর প্রভৃতি সর্ব্বপ্রকার জ্বর অতি সত্বর আরোগ্য হয়। ম্যালেরিয়া প্রপীড়িত ব্যক্তি লিভার ও প্লীহা দ্বারা আক্রান্ত হইয়া ন্যাবা, শোথযুক্ত জীর্ণ শীর্ণ এমন কি অস্থি চর্ম্মসার হইয়াও এই দামোদর সুধা ব্যবহারে নিত্যই আরোগ্যলাভ করিতেছেন। মূল্য ॥৵০ প্লীহার মালিষ সমেত ১৲

ফেরোকল—যাবতীয় গণোরিয়া (মেহ, প্রমেহ) রোগের অব্যর্থ মহৌষধ। আজকাল প্রায় অধিকাংশ যুবক যুবতী এই রোগে আক্রান্ত হইয়া যৌবনে বার্দ্ধক্য প্রাপ্ত হন, এবং নানাপ্রকার যন্ত্রণায় মর্ম্মপীড়া ভোগ করেন এমন কি অনেকে জীবনে হতাশ হইয়া থাকেন। ইহা ব্যবহারে উক্ত যন্ত্রণা প্রস্রাবে জ্বালা ও পুঁজ ২।৩ দিনে আরোগ্য করে। একটী পিচকারীসহ প্রতি শিশি মূল্য ১।০ উক্ত ঔষধ সমুহ ভিঃ, পিতে লইলে মাশুলাদি স্বতন্ত্র লাগে।

সোল প্রোঃ **ডাঃ বি, রায় এণ্ড কোং, কেমিষ্টস**
ফতেপুর, পোষ্ট গার্ডেনরীচ, কলিকাতা।

এজেন্টস—
এম, ভট্টাচার্য্য এণ্ড কো
কলিকাতা

সন ১৩৪২ সালের ক্যালেণ্ডার বিনামূল্যে বিতরিত হইতেছে

## হোমিও ঔষধ! হোমিও ঔষধ!!

সস্তায় বিশুদ্ধ—বিশুদ্ধতার জন্য গ্যারাণ্টি।

সাধারণ শক্তি (potency) ৩, ৬, ৩০ প্রতি ড্রাম ৵০, ২০০ প্রতি ড্রাম ৵৫ মাত্র। উৎকৃষ্ট সুগার, গ্লোবিউল, কর্ক, শিশি ইত্যাদি বিক্রয় হয়। প্রতি টাকায় ⁄০ কমিশন বাদ।

প্রাপ্তিস্থান—অটলবিহারী-শাখা-ঔষধালয়।

ডাক্তার শ্রীদেবেন্দ্রচন্দ্র দাস (হোমিওপ্যাথ) রঘুনাথগঞ্জ, চাউলপট্টি, (মুর্শিদাবাদ)


রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে—শ্রীবিনয় কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।


## বি, মান্না এণ্ড সন্সের

কয়েকটী আশ্চর্য্য গুণবিশিষ্ট মহৌষধ

### স্বর্ণঘটিত কিওরেটিভ-সালসা

বর্ত্তমান যাবতীয় রসায়ণের মধ্যে সর্ব্বোৎকৃষ্ট গুণবিশিষ্ট মহোপকারী সালসা। রক্তপরিষ্কারক, বল, শক্তি ও ক্ষুধাবৃদ্ধিকারক, পারদ ও উপদংশ-বিষনাশক, স্নায়বিক দৌর্ব্বল্যে, নষ্ট স্বাস্থ্যে, শুক্রতারল্য ও ধাতুদৌর্ব্বল্য রোগে, এবং যাবতীয় স্ত্রীরোগে ও বহু পুরাতন জটিল রোগ সমূহের একমাত্র মহোপকারী। কোন বাঁধা ধরা নিয়ম নাই; সকল ঋতুতে সেবন করা যায়। মূল্য দেড় টাকা; মাশুলাদি সমেত ২৵০

### ইলেক্ট্রো গোল্ড-কিওর

জীবনীশক্তিবর্দ্ধক ও নষ্ট স্বাস্থ্য পুনরোদ্ধারক—হতাশ জীবনের একমাত্র বন্ধু। স্নায়ুর দুর্ব্বলতা, পুরুষত্বহীনতা ও শুক্রক্ষীন প্রভৃতি রোগের অব্যর্থ বলকারক ঔষধ। অপরিমিত শক্তি, বল উৎপন্ন করিতে অদ্বিতীয়। ছাত্রদিগের স্মৃতিশক্তি, মেধা ও বুদ্ধিবৃত্তি তীক্ষ্ণ হয়, ক্ষুধাবৃদ্ধি, মানসিক প্রফুল্লতা ও স্নায়বিক উত্তেজনা বৃদ্ধি করে; ছাত্র ও ছাত্রীজীবনের একমাত্র পরম সুহৃদ। মূল্য দেড় টাকা; মাশুলাদি সমেত ২।০

### গণোরা-বাম পিল (বটিকা) বা মিকশ্চার

যাবতীয় গণোরিয়া, প্রমেহ ও ধাতুপীড়া রোগের বিশেষ পরীক্ষিত আশুফলপ্রদ মহৌষধ। ২।১ মাত্রায় স্ত্রী পুরুষ উভয়েরই রোগের অসহ্য জ্বালা যন্ত্রণা লাঘব হয়। নূতন ও পুরাতন সর্ব্বপ্রকার লক্ষণযুক্ত প্রমেহ ও মূত্রনালীর রোগ এবং স্ত্রীলোকদিগের শ্বেত ও রক্তপ্রদর প্রভৃতি আরোগ্য হয়। 'গণোরা-বাম' ঔষধ মিকশ্চার ও পিল দুই রকমের পাওয়া যায় উভয়েরই মূল্য প্রতি শিশি দুই টাকা, মাশুলাদি সহ ২৷৵০

### হাঁপানি এ্যাজমা-সিরাপ

হাঁপানি শ্বাসকাশের অব্যর্থ মহৌষধ। এক ঘণ্টায় হাঁপানি রোগী মৃত্যুসম যন্ত্রণা হইতে নবজীবন লাভ করে। সর্ব্বপ্রকার লক্ষণ ও উপসর্গ বিশিষ্ট হাঁপানি, দমা, শ্বাসরোগ এবং যাবতীয় ফুসফুস শ্বাসনলীর প্রদাহ, ব্রঙ্কাইটিস, হুপিংকফ প্রভৃতি রোগ যত দিনের পুরাতন হউক না কেন নিশ্চয় আরোগ্য হয়। এরূপ অব্যর্থ আশু-ফলপ্রদ মহৌষধ অদ্যাবধি আবিষ্কৃত হয় নাই, প্রবল টানের সময় শ্বাস প্রশ্বাসের মৃত্যুসম যন্ত্রনায় একদাগ মাত্র সেবনেই রোগ দূরীভূত হইয়া রোগী সুস্থ হয়। মূল্য দেড় টাকা মাশুলাদি সমেত ২৵০

এজেন্টস্ঃ—এম. ভট্টাচার্য্য এণ্ড কোং
কলিকাতা।

—বি, মান্না এণ্ড সন্স।—
**মান্না-মেডিকেল-হল**
(পোষ্টবক্স নং ১১৪০১) ৪নং গুলু ওস্তাগর লেন; কলিকাতা

# সাধনা ঔষধালয়, ঢাকা

অধ্যক্ষ
**শ্রীযোগেশচন্দ্র ঘোষ এম এ, এফ সি এস (লণ্ডন)**
ভাগলপুর কলেজের রসায়ন শাস্ত্রের ভূতপূর্ব্ব অধ্যাপক

ব্রাঞ্চঃ—শ্যামবাজার (মার্কেট) কলিকাতা * ২১৩ বৌবাজার (কলিকাতা) ৬৭।৪ ষ্ট্রাণ্ড রোড (বড়বাজার) কলিকাতা * চট্টগ্রাম * জমসেদপুর (সাকচী হাইওয়ে) বিহার * তিনসুকিয়া (আসাম) * গৌহাটী (আসাম) * দিনাজপুর * পাটনা (বিহার) * পাটুয়াটুলী (ঢাকা) * বগুড়া * বর্দ্ধমান * ভাগলপুর (বিহার) * মানিকগঞ্জ * মেদিনীপুর রেঙ্গুন (২০২ লুইস ষ্ট্রীট) ব্রহ্মদেশ * লাহোর (পাঞ্জাব) * সিঙ্গাপুর (মালয় দেশ) *
লণ্ডন এজেন্সি—হাই-হল্‌বরণ * কলম্বো (সিলোন)।

সর্ব্ববিধ ঔষধ বিশুদ্ধভাবে ও আয়ুর্ব্বেদশাস্ত্রমতে আমার নিজ তত্ত্বাবধানে প্রস্তুত হইতেছে। পত্র লিখিলে বিনামূল্যে ক্যাটালগ পাঠান হয়। বিস্তারিত অবস্থা জানাইলে যত্নের সহিত উপযুক্ত ব্যবস্থা দেওয়া হয়।

মকরধ্বজ (বিশুদ্ধ ও স্বর্ণঘটিত) তোলা ৪৲ * বিশুদ্ধ চ্যবনপ্রাশ সের ৩৲
শুক্রসঞ্জীবন সের ১৬৲ * অবলাবান্ধব যোগ ১৬ মাত্রা ২৲

# তারা বার্লী

## আমাদের বিশেষত্ব




আমাদের এই তারা বার্লী আধুনিক উন্নত বৈজ্ঞানিক প্রণালী অনুযায়ী মেসিনে এবং সেই শক্তিবান বার্লী বিশেষজ্ঞ শ্রীযুক্ত টি পি, বসু মহাশয়ের চাক্ষুষ ও সংশ্লিষ্ট তত্ত্বাবধানতায় প্রস্তুত। ইহারই একমাত্র বিজ্ঞ কর্ম্ম দক্ষতায় একদিন এসিয়া মহাদেশের সুপ্রসিদ্ধ বিস্কুট ও বার্লী প্রস্তুত কারক স্বনামধন্য স্বর্গীয় (শ্রীযুক্ত) কে, সি, বসু মহাশয় বিস্কুট ও বার্লী প্রচলন করিয়া জগতে আদর্শ স্থানীয় হইয়া ছিলেন। এই ব্যবসায় ইহার অভিজ্ঞতা ১৬ বৎসরের ও অধিক কালের। ইহা হস্ত পৃষ্ঠ নহে।

**টি, পি, বসু এণ্ড কোম্পানী লিঃ**
**তারা ভিটামিন ফ্যাক্টরী**
পোঃ বাগবাজার কলিকাতা

ENG BY D. P. NATH & BROS 2 BOW BAZAR St